SARASWATI PUJA PADDHYATI IN BENGALI

নিবেদন

বাগ্‌বাদিনী শ্রীশ্রীবাগীশ্বরীর কৃপা ও পূজনীয় ভূদেব ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ সম্বল করিয়া "শ্রীশ্রীসরস্বতী পূজা পদ্ধতি" প্রকাশ করিতেছি। আমার মত সামান্য ব্যক্তির পক্ষে এ প্রচেষ্টা ধৃষ্টতা ব্যতীত কিছুই নহে। তবে ভরসা এই যে, গ্রন্থখানি যাঁহাদের জন্য, সেই পূজকমণ্ডলীর কার্য্যোপযোগী হইলেই আমার পরিশ্রম ও প্রচেষ্টা সার্থক হইবে। পরিশেষে বক্তব্য এই যে, তাড়াতাড়ি মুদ্রণকার্য্যের জন্য এবং অন্য ভুল প্রমাদের জন্য আমি ক্ষমার্হ। বারান্তরে উহা অবশ্যই সংশোধন করা হইবে।

ইতি আশীর্ব্বাদাকাঙ্ক্ষী

প্রকাশক

ফর্দ্দমালা

সিন্দূর, পুরোহিতবরণ ১, তিল, হরিতকী, পঞ্চগুঁড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চরত্ন, পঞ্চপল্লব ১, ঘট, কুশুহাঁড়ি ১, তেকাঠা ১, দর্পণ ১, তীরকাঠি ৪, ঘটাচ্ছাদন গামছা ১, বরণডালা, সশীষ ডাব ১, এক সরা আতপ চাউল, পুষ্পদি, আসনাঙ্গুরীয়ক ২, মধুপর্কের বাটি ২, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, সরস্বতী শাটী ১, নারায়ণের ধুতি ১, চন্দ্রমাল্য ১, বিল্বপত্রমালা ১, থালা ১, গেলাস ১, শঙ্খ ১, লৌহ ১, নথ ১, রচনা ১, আমের মুকুল, যবের শীষ, ফুল, আবির, দ্র, মধ্যাসার ও লেখনী, ভোগের দ্রব্যাদি, বালি, কাষ্ঠ, খোড়কে, গব্যঘৃত ২৫০ গ্রাম, পান, পানের মশলা, হোমের বিল্বপত্র ২৮, কর্পূর, পূর্ণপাত্র ১ ও দক্ষিণা।

শ্রীশ্রীসরস্বতী পূজাপদ্ধতি

স্বস্তিবাচন—মাঘমাসে শুক্লাপঞ্চমী তিথিতে প্রাতঃকালে নিত্যক্রিয়া সমাপনান্তে শুদ্ধাসনে উপবেশন করতঃ হস্তে কুশাঙ্গুরীয়ক ধারণ করিয়া নারায়ণে (শালগ্রামশিলায়) গন্ধপুষ্প দিয়া তাম্রপাত্রে (কুশীতে) আতপতণ্ডুল লইয়া স্বস্তিবাচন করিবে, যথা—"কর্ত্তব্যেঽস্মিন্ গণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বক শ্রীশ্রীসরস্বতীদেবী মস্যাধারলেখনীপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্।। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বক শ্রীশ্রীসরস্বতীদেবী মস্যাধারলেখনীপূজাকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বক শ্রীশ্রীসরস্বতীদেবী মস্যাধারলেখনীপূজাকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্।।" মন্ত্রপাঠ করিয়া আতপচাউল বিকীরণ করতঃ স্ববেদোক্ত সূক্তপাঠ করিবে।

স্বস্তিসূক্ত (সাম)—"ওঁ সোমং রাজানাং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু।। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।।"

(যজু)—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমি, স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু।। ওঁ গণানান্ত্বা গণপতিগুঁ হবামহে, প্রিয়াণান্ত্বা প্রিয়পতিগুঁ হবামহে, নিধিনান্ত্বা নিধিপতিগুঁ হবামহে। বসো মম।। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।।" পরে কৃতাঞ্জলি হইয়া সাক্ষ্যমন্ত্র পাঠ করিবে।

সাক্ষ্যমন্ত্র—*"ওঁ সূর্য্যঃ সোমো যমঃ, কালঃ সন্ধ্যে ভূতান্যহ ক্ষপা। পবনো দিকপতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ।।"

বরণ—কর্ত্তা স্বয়ং পূজাকরণে অশক্ত হইলে পূজক ও তন্ত্রধারক বরণ করিবে। কর্ত্তা পূর্ব্বাস্যে এবং বৃত ব্রাহ্মণ উত্তরাস্যে উপবেশন করিবে। কর্ত্তা কৃতাঞ্জলি হইয়া বলিবে "ওঁ সাধুভবনাস্তাম্।" বৃত ব্রাহ্মণ বলিবে "ওঁ সাধ্বহমাসে।" কর্ত্তা বলিবে "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্।" ব্রাহ্মণ বলিবে "ওঁ অর্চ্চয়।" কর্ত্তা গন্ধপুষ্প, যজ্ঞোপবীত ও বস্ত্রাঙ্গুরীয়ক গ্রহণ করিয়া "এতানি গন্ধপুষ্পবস্ত্রাঙ্গুরীয়কযজ্ঞোপবীতানি ওঁ ব্রাহ্মণায় নমঃ" মন্ত্রে ব্রাহ্মণকে দান করিবে। ব্রাহ্মণ বলিবে "ওঁ স্বস্তি।" পরে কর্ত্তা আতপচাউল

* স্ত্রী ও শূদ্রপক্ষে সর্ব্বত্র কেবল, "স্বস্তি" শব্দ প্রয়োগ করিবে। "পুণ্যাহং, সন্নিধিম্ ও ঋদ্ধিং" এই শব্দ "ওঁ" এই মন্ত্র উচ্চারণ করিবে না। "ওঁ" পরিবর্ত্তে "নমঃ" শব্দ প্রয়োগ হইবে।

লইয়া ব্রাহ্মণের দক্ষিণজানু স্পর্শ করিয়া বরণবাক্য পাঠ করিবে—যথা, "বিষ্ণুরোঁ তৎসদদ্য মাঘেমাসি শুক্লেপক্ষে শ্রীপঞ্চম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মৎসঙ্কল্পিত শ্রীশ্রীসরস্বতীদেবী লেখনীমস্যাধারপূজাকর্ম্মণি পূজককর্ম্ম (তন্ত্রধারককর্ম্ম) করণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।" বৃত ব্রাহ্মণ বলিবে "বৃতোঽস্মি।" কর্ত্তা কৃতাঞ্জলি হইয়া বলিবে "ওঁ যথাবিহিত পূজককর্ম্ম (তন্ত্রধারককর্ম্ম) কুরু।" ব্রাহ্মণ বলিবে "ওঁ যথাজ্ঞানং করবাণি।।" অতঃপর সঙ্কল্প করিবে।

সঙ্কল্প—তাম্রপাত্র কুশ, তিল, ফল (হরিতকী), পুষ্প ও জলাদির দ্বারা পূর্ণ করতঃ পাতিত দক্ষিণজানু হইয়া পূর্ব্বাস্যে বা উত্তরাস্যে উপবেশন করিয়া সঙ্কল্প করিবে, যথা—"বিষ্ণুরোঁ তৎসদদ্য মাঘেমাসি শুক্লেপক্ষে শ্রীপঞ্চমান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুককামঃ গণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বক শ্রীশ্রীলক্ষ্মীদেবী শ্রীশ্রীসরস্বতীদেবী লেখনীমস্যাধারপূজককর্ম্মাহং করিষ্যে (পরার্থে "অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য করিষ্যামি")। অতঃপর স্ববেদোক্ত সঙ্কল্পসূক্ত পাঠ্য।

সঙ্কল্পসূক্ত (সামবেদি)—"ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাসিচম্। উদ্বা সিঞ্চধ্বমুপবা পৃণধ্বমাদিদ্বো দেব ওহতে।। ওঁ অস্য সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু। ওঁ অয়মারম্ভ শুভায় ভবতু।"

যজুর্ব্বেদি—"ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং তদুসুপ্তস্য তথৈবৈতি, দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিব সঙ্কল্পমস্তু। ওঁ অস্য সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু। ওঁ অয়মারম্ভ শুভায় ভবতু।।" পরে স্ববেদোক্ত মন্ত্রদ্বারা পঞ্চগব্য শোধন করিবে।

পঞ্চগব্য শোধনমন্ত্র—(সামবেদি)—গোমূত্র—গায়ত্রী পাঠ্য। গোময়—ওঁ গাবশ্চিদ্ ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ।। দুগ্ধ—ওঁ সবন্ধবঃ গব্যো যু নো যথা পুরোশ্বয়োত রথয়া। বরিবস্যা মহোনাম্।। দধি—ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরোৎ প্রণ আয়ুংষি তারিষৎ।। ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্বী, পৃথ্বি মধুদুঘে সুপেশসা। দ্যাবা পৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতে অজরে ভূরিরেতসা।। কুশোদক—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং গৃহ্নামি।।" অতঃপর গায়ত্রী পাঠ করিয়া একীকরণ করিবে।

যজুর্ব্বেদি—গোমূত্র—গায়ত্রী পাঠ্য। গোময়—ওঁ গন্ধদ্বারা দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়েশ্রিয়ম্।। দুগ্ধ—ওঁ আপ্যায় সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবা বাজস্য সঙ্গথে। দধি—ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরোৎ প্রণ আয়ুংষি তারিষৎ।। ঘৃত—ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি। কুশোদক—ওঁ দেবস্য ত্বা সবিতু প্রসবেঽশ্বিনোবাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যামাদদে।।" অতঃপর গায়ত্রী পাঠ করিয়া একীকরণ। পরে সামান্যার্ঘ্য স্থাপন করিবে।

সামান্যার্ঘ্য—ভূমিতে ত্রিকোণমণ্ডল করিয়া মণ্ডলে "ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ

নমঃ" মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া "ফট্" মন্ত্রে প্রোক্ষণীপাত্র (কোশা) প্রক্ষালন করতঃ মণ্ডলোপরি স্থাপন করিবে। পরে (ঐং) মূলমন্ত্রে অথবা ওঁ মন্ত্রে পাত্র জলপূর্ণ করিয়া "ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ" ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ" মন্ত্রে পূজা করিয়া পাত্রস্থ জলে গন্ধপুষ্পাদি প্রদান করতঃ ধেনুমুদ্রা, যোনিমুদ্রা, অবগুণ্ঠনমুদ্রা

ধেনুমুদ্রা

যোনিমুদ্রা

অবগুণ্ঠনমুদ্রা

মৎস্যমুদ্রা

অঙ্কুশমুদ্রা

ও মৎস্যমুদ্রা প্রদর্শন করতঃ অঙ্কুশমুদ্রায় "ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরী জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।" মন্ত্রে তীর্থাবাহন করিয়া পাত্রস্থ জল দ্বারা পূজোপকরণ ও নিজেকে অভ্যুক্ষণ করিয়া দ্বারপূজা করিবে।

দ্বারপূজা—জলদ্বারা "ফট্" মন্ত্রে দ্বারদেশ অভ্যুক্ষণ করতঃ দ্বারদেবতাগণের আবাহন করিয়া পূজা করিবে, যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ" এইরূপে "ওঁ মহালক্ষ্মৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ বিঘ্নায় নমঃ, ওঁ ক্ষেত্রপালায় নমঃ, ওঁ গাং গঙ্গায়ৈ নমঃ, ওঁ যাং যমুনায়ৈ নমঃ, ওঁ অস্ত্রায় নমঃ।" অশক্তপক্ষে "ওঁ দ্বারদেবতাগণেভ্যো নমঃ" পরে বিঘ্নাপসারণ করতঃ মাষভক্তবলি প্রদান করিবে।

বিঘ্নাপসারণ—মূলমন্ত্রে (ঐং) দিব্যদৃষ্টিদ্বারা দিব্যবিঘ্ন, "ওঁ অস্ত্রায় ফট্" মন্ত্রে অন্তরীক্ষের বিঘ্ন ও ভূমিতে বামপদের গোড়ালী দ্বারা তিনবার আঘাত করিয়া ভৌমবিঘ্ন অপসারণ করিবে।

মাষভক্তবলি—ভূমিতে স্ববামে ত্রিকোণমণ্ডল অঙ্কিত করিয়া তদুপরি নূতন মৃৎপাত্রে বা বিল্বপত্রে মাষকলাই, দধি ও আতপচাউল একত্র করতঃ স্থাপন করিবে। পরে ভূতগণের আবাহন করিবে, যথা—"ওঁ ভূতাদয় ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম, অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত।।" অতঃপর "বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ" মন্ত্রে শোধন, "এতে গন্ধপুষ্পে ওঁ মাষভক্তবলয়ে নমঃ, এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ," মন্ত্রে অর্চনা করিয়া "এষ মাষভক্তবলি ওঁ ভূতাদিভ্যো নমঃ" মন্ত্রে উৎসর্গ করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ্য—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ তে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়াদত্ত

বলিরেষ প্রসাধিতঃ। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈ র্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্।। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। ওঁ ভূতাদয়ঃ ক্ষমধ্বম্।।" অতঃপর কিছু অক্ষত বা শ্বেতসর্ষপ গ্রহণ করিয়া "ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতা। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।। ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ।" মন্ত্র পাঠ করতঃ "ফট্" মন্ত্রে দশদিকে ছড়াইয়া দিয়া আসনশুদ্ধি করিবে।

আসনশুদ্ধি—ভূমিতে ত্রিকোণমণ্ডল অঙ্কন করিয়া "ওঁ আধারশক্তয়ে কমলাসনায় নমঃ" মন্ত্রে পূজা করিয়া মণ্ডলোপরি আসন স্থাপন করতঃ আসন স্পর্শ করিয়া পাঠ্য, যথা—"অস্য আসনোপবেশনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বিত্বয়া ধৃতালোকা দেবিত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্।।" (বামে) "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ", ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ", (দক্ষিণে) "ওঁ গণেশায় নমঃ", (মধ্যে) "ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেবতায়ৈ নমঃ।" অতঃপর "ফট্" মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা করতলদ্বয় শোধন করতঃ ছোটিকার দ্বারা (তুড়ি) দশদিগ্বন্ধন করতঃ পুষ্পশুদ্ধি করিবে।

পুষ্পশুদ্ধি—পুষ্পে পূজনীয় দেবতার আবির্ভাব চিন্তা করতঃ "পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক সম্বন্ধায় হুং" মন্ত্রে পুষ্প

স্পর্শ করিয়া "ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুঁং ফট্ স্বাহা।।" মন্ত্রে পুষ্প শোধন করিয়া প্রাণায়াম করিবে।

প্রাণায়াম—দক্ষিণনাসাপুট ধারণ করিয়া মূলমন্ত্র (ঐং) ষোড়শবার জপদ্বারা বায়ু পূরণ করিবে। পরে উভয় নাসারন্ধ্র রুদ্ধ করতঃ চতুঃষষ্টিবার জপদ্বারা কুম্ভক করিয়া, দ্বাত্রিংশবার জপদ্বারা দক্ষিণ নাসাপুটে বায়ু রেচন করিবে। পরে বিপরীতভাবে অর্থাৎ দক্ষিণনাসাপুটে বায়ু পূরণ করিয়া উভয়নাসা রুদ্ধ করতঃ কুম্ভক করিবে এবং বামনাসা দ্বারা বায়ু পরিত্যাগ করিবে। পুনঃ বামনাসায় বায়ু পূরণ করিয়া কুম্ভক করিয়া দক্ষিণনাসায় বায়ু পরিত্যাগ করিবে। এইরূপ তিনবার করিলে, একবার প্রাণায়াম হয়। প্রাণায়াম পূরকে ষোড়শ, কুম্ভকে চতুঃষষ্টি ও রেচকে দ্বাত্রিংশবার করিতে হয়। অসমর্থপক্ষে একবার করিলে প্রাণায়াম সিদ্ধ হয়। অশক্তপক্ষে ষোড়শবার স্থলে চারিবার, চতুঃষষ্টিবার স্থলে ষোড়শবার এবং দ্বাত্রিংশবার স্থলে আটবার জপ করিলে সিদ্ধ হয়। অতঃপর ভূতশুদ্ধি করিবে।

অথ ভূতশুদ্ধি—রং ইতি জলধারয়া বহ্নিপ্রাকারং বিচিন্ত্য স্বাঙ্কে উত্তানৌ করৌ কৃত্বা হংস ইতি মন্ত্রেণ জীবাত্মানং হৃদয়স্থং দীপকলিকাকারং মূলাধারস্থ কুলকুণ্ডলিন্যা সহ সুষুম্না-বর্ত্মনা মূলাধারস্বাধিষ্ঠানমণিপুরকানাহত-বিশুদ্ধাজ্ঞাখ্য ষট্‌চক্রাণি ভিত্বা শিরোঽবস্থি-তাধোমুখ সহস্রদলকমলকর্নিকান্তর্গত পরমাত্মনিসংযোজ্য তত্রৈব পৃথিব্যাপ্তেজোবায়ুরাকাশগন্ধরসরূপস্পর্শশব্দনাসিকাজিহ্বাচক্ষুস্ত্বক্‌শ্রোত্র-

বাক্‌পাণিপাদপায়ুপস্থ প্রকৃতিমনোবুদ্ধ্যহঙ্কাররূপচতুর্বিংশতিতত্ত্বানি লীনানি বিভাব্য দক্ষিণনাসাপুটং ধৃত্বা যমিতি বায়ুবীজং ধূম্রবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুনা দেহমাপূর্য্য, নাসাপুটৌ ধৃত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা, বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণ পাপপুরুষেণ সহ দেহং সংশোষ্য, তস্য দ্বাত্রিংশদ্বারজপেন দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। ততঃ দক্ষিণনাসাপুটে রমিতি বহ্নিবীজং রক্তবর্ণং ধ্যাত্বা তস্য ষোড়শবার জপেন বায়ুনা দেহমাপূর্য্য নাসাপুটৌ ধৃত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা, পাপপুরুষেণ সহ দেহং দগ্ধ্বা, তস্য দ্বাত্রিংশদ্বারজপেন বামনাসয়া ভস্মেন সহ বায়ুং রেচয়েৎ। ততঃ ঠমিতি চন্দ্রবীজং শুক্লবর্ণং বামনাসাপুটে তস্য ষোড়শবারজপেন ললাটে চন্দ্রং নীত্বা, নাসাপুটৌ ধৃত্বা বমিতি বরুণবীজস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা তস্মাল্ললাটস্থচন্দ্রাদ্‌গলিতসুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্তদেহং বিরচর্য্য লমিতি পৃথ্বিবীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন দেহং সুদৃঢ়ং বিচিন্ত্য, দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। ততঃ, হংসঃ ইতি মন্ত্রেণ জীবং স্বস্থানে সংস্থাপ্য কুণ্ডলিনীং পৃথিব্যাদিনী চ যথাস্থানে সংস্থাপয়েৎ।।" পরে ন্যাসাদি করিবে।

মাতৃকান্যাস—অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকাসরস্বতীদেবতা হলোবীজানি স্বরাঃ শক্তয়ঃ মাতৃকান্যাসে বিনিয়োগঃ।। শিরসি—ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। মুখে—ওঁ গায়ত্র্যৈচ্ছন্দসে নমঃ। হৃদি—ওঁ মাতৃকা-সরস্বত্যৈদেবতায়ৈ নমঃ। গুহ্যে—ওঁ হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ। পাদয়োঃ—ওঁ স্বরেভ্যো শক্তিভ্যো নমঃ। সর্ব্বাঙ্গে—ওঁ অব্যক্তায় কীলকায় নমঃ।

অন্তর্মাতৃকান্যাস—অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ৯ং ৡং এং ঐং ওং ঔং অং অঃ ইতি কণ্ঠে। কং খং গং ঘং ঙং চং ছং

জং ঝং ঞং টং ঠং ইতি হৃদয়ে। ডং ঢং ণং তং থং দং ধং নং পং ফং ইতি নাভৌ। বং ভং মং যং রং লং ইতি লিঙ্গমূলে। বং শং ষং সং ইতি মূলাধারে। হং ক্ষং ইতি ভ্রূমধ্যে।

বাহ্যমাতৃকান্যাস—"ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদোঃ পন্মধ্যবক্ষঃস্থলাং ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে।। অং নমঃ (ললাটে), আং নমঃ (মুখবৃত্তে), ইং ঈং নমঃ (চক্ষুষোঃ), উং ঊং নমঃ (কর্ণয়োঃ), ঋং ৠং নমঃ (নাসাঃ), ঌং ৡং নমঃ (গণ্ডয়োঃ), এং নমঃ (ওষ্ঠে), ঐং নমঃ (অধরে), ওং নমঃ (ঊর্দ্ধদন্তে), ঔং নমঃ (অধোদন্তে), অং নমঃ (মস্তকে), অঃ নমঃ (মুখে), কং নমঃ (দক্ষবাহুমূলে), খং নমঃ (কূর্পরে), গং নমঃ (মণিবন্ধে), ঘং নমঃ (অঙ্গুলিমূলে), ঙং নমঃ (অঙ্গুল্যগ্রে), চং নমঃ (বামবাহুমূলে), ছং নমঃ (কূর্পরে), জং নমঃ (মণিবন্ধে), ঝং নমঃ (অঙ্গুলিমূলে), ঞং নমঃ (অঙ্গুল্যগ্রে), টং নমঃ (দক্ষিণোরুমূলে), ঠং নমঃ (জানুনি), ডং নমঃ (গুলফে), ঢং নমঃ (অঙ্গুলিমূলে), ণং নমঃ (অঙ্গুল্যগ্রে), তং নমঃ (বামোরুমূলে), থং নমঃ (জানুনি), দং নমঃ (গুলফে), ধং নমঃ (অঙ্গুলিমূলে), নং নমঃ (অঙ্গুল্যগ্রে), পং নমঃ (দক্ষিণপার্শ্বে), ফং নমঃ (বামপার্শ্বে), বং নমঃ (পৃষ্ঠে), ভং নমঃ (নাভৌ), মং নমঃ (উদরে), যং নমঃ (হৃদি), রং নমঃ (দক্ষস্কন্ধে),লং নমঃ (ককুদি), বং নমঃ (বামস্কন্ধে), শং নমঃ (হৃদয়াদিদক্ষহস্তে), ষং নমঃ (হৃদয়াদি বামহস্তে), সং নমঃ (হৃদয়াদি দক্ষিণপাদে), হং নমঃ (হৃদয়াদিবামপাদে), লং নমঃ (হৃদয়াদ্যুদরে) ক্ষং নমঃ (হৃদয়াদিমুখে)।।

সংহারমাতৃকান্যাস—ওঁ অক্ষস্রজং হরিণপোতমুদগ্রটঙ্কং, বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্। অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং বর্ণেশ্বরীং প্রণমত স্তনভারনম্রাম্।। ক্ষং নমঃ—হৃদয়াদিমুখে, লং নমঃ—হৃদয়াদিজঠরে, হং নমঃ—হৃদয়াদিবামপাদাগ্রে, সং নমঃ—হৃদয়াদিদক্ষিণপাদাগ্রে, ষং নমঃ—হৃদয়াদিবামকরাগ্রে, শং নমঃ—হৃদয়াদিদক্ষিণকরাগ্রে, বং নমঃ—বামস্কন্ধে, লং নমঃ—ককুদি, রং নমঃ—দক্ষিণস্কন্ধে, যং নমঃ—হৃদি, মং নমঃ—উদরে, ভং নমঃ—নাভৌ, বং নমঃ—পৃষ্ঠে, ফং নমঃ—বামপার্শ্বে, পং নমঃ—দক্ষিণপার্শ্বে, নং নমঃ—বামপাদাঙ্গুল্যগ্রে, ধং নমঃ—অঙ্গুলিমূলে, দং নমঃ—গুলফে, থং নমঃ—জানুনি, তং নমঃ—বামপাদমূলে, ণং নমঃ—দক্ষিণপাদাঙ্গুল্যগ্রে, ঢং নমঃ—অঙ্গুলিমূলে, ডং নমঃ—গুলফে, ঠং নমঃ—জানুনি, টং নমঃ—দক্ষপাদমূলে, ঞং নমঃ—বামকরাঙ্গুল্যগ্রে, ঝং নমঃ—অঙ্গুলিমূলে, জং নমঃ—বামমণিবন্ধে, ছং নমঃ—কূর্পরে, চং নমঃ—বামবাহুমূলে, ঙং নমঃ—দক্ষিণ করাঙ্গুল্যগ্রে, ঘং নমঃ—অঙ্গুলিমূলে, গং নমঃ—দক্ষমণিবন্ধে, খং নমঃ—কূর্পরে, কং নমঃ—দক্ষবাহুমূলে, অঃ নমঃ—মুখে, অং নমঃ—মস্তকে, ঔং নমঃ—অধোদন্তপঙ্‌ক্তৌ, ওং নমঃ—ঊর্দ্ধদন্তপঙ্‌ক্তৌ, ঐং নমঃ—অধরে, এং নমঃ—ওষ্ঠে, ৡং নমঃ—বামগণ্ডে, ঌং নমঃ—দক্ষিণগণ্ডে, ৠং নমঃ—বামনাসাপুটে, ঋং নমঃ—দক্ষিণনাসাপুটে, ঊং নমঃ—বামকর্ণে, উং নমঃ—দক্ষিণকর্ণে, ঈং নমঃ—বামনেত্রে, ইং নমঃ—দক্ষিণনেত্রে, আং নমঃ—মুখবৃত্তে, অং নমঃ—ললাটে।

পীঠন্যাস—হৃদয়ে—ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ মণিবেদিকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ। দক্ষিণস্কন্ধে—ওঁ ধর্ম্মায় নমঃ। বামস্কন্ধে—ওঁ জ্ঞানায় নমঃ। বামোরুমূলে—ওঁ বৈরাগ্যায় নমঃ। দক্ষিণোরুমূলে—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। মুখে—ওঁ অধর্ম্মায় নমঃ। বামপার্শ্বে—ওঁ অজ্ঞানায় নমঃ। নাভৌ—ওঁ অবৈরাগ্যায় নমঃ। দক্ষিণপার্শ্বে—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। পুনর্হৃদয়ে—ওঁ অনন্তায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, সং সত্ত্বায় নমঃ, রং রজসে নমঃ, তং তমসে নমঃ, আং আত্মনে নমঃ, অং অন্তরাত্মনে নমঃ, পং পরমাত্মনে নমঃ, হ্রীঁং জ্ঞানাত্মনে নমঃ। ওঁ মেধায়ৈ নমঃ, ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ, ওঁ প্রভায়ৈ নমঃ, ওঁ বিদ্যায়ৈঃ নমঃ, ওঁ শ্রিয়ৈ নমঃ, ওঁ ধৃত্যৈ নমঃ, ওঁ স্মৃত্যৈ নমঃ, ওঁ বুদ্ধ্যৈ নমঃ। মধ্যে—ওঁ বিশ্বেশ্বর্য্যৈ নমঃ। তদুপরি—ওঁ বর্ণকমলাসনায় নমঃ।।

করন্যাস—ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জনীভ্যাং স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাম হুঁ। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস—ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুঁ। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং লং হং সং ক্ষং অঃ অস্ত্রায় ফট্।

ব্যাপকন্যাস—গন্ধপুষ্প লইয়া প্রণবপুটিত মূলমন্ত্র (ওঁ ঐং) উচ্চারণ করিতে করিতে মস্তক হইতে পাদদেশ পর্য্যন্ত এবং পাদদেশ হইতে মস্তক পর্য্যন্ত, অনন্তর নাভি হইতে হৃদয় পর্য্যন্ত উভয় কর দ্বারা সাতবার অথবা কমপক্ষে তিনবার ব্যাপকন্যাস করিবে।

ঋষ্যাদিন্যাস—অস্য শ্রীশ্রীসরস্বতীমন্ত্রস্য কণ্বঋষিঃ বিরাড়্ গায়ত্রীচ্ছন্দঃ, শ্রীশ্রীবাগীশ্বরীদেবতা মম কবিত্বশক্তিবৃদ্ধয়ে শ্রীশ্রীসরস্বতীপূজায়াঃ বিনিয়োগঃ॥ (শিরসি)"ওঁ কণ্বায় ঋষয়ে নমঃ।" (মুখে) "ওঁ বিরাড়্ গায়ত্রীচ্ছন্দসে নমঃ।" (হৃদি)"ওঁ বাগীশ্বর্য্যৈ দেবতায়ৈ নমঃ॥"

ধ্যান—"ওঁ তরুণশকলমিন্দোর্বিভ্রতীশুভ্রকান্তিঃ। কুচভরণমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে॥ নিজকরকমলোদ্যল্লেখনী পুস্তকশ্রীঃ। সকল বিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্‌দেবতা নমঃ॥" পরে মনসাপূজা করতঃ বিশেষার্ঘ্য স্থাপন করিবে।

মানসপূজা—মূলাধার হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত বিদ্যুদ্বর্ণা কুণ্ডলিনীশক্তিকে চিন্তা করিয়া স্বীয় হৃৎপদ্মে পূজনীয় দেবতাকে রত্নবেদীকার উপর সংস্থিত এইরূপ ভাবনা করতঃ। যথাক্রমে কুণ্ডলিনীপাত্রস্থ বারি পাদ্য, মনকে অর্ঘ্য, সহস্রদলস্থিত সুধাকে আচমনীয়, চতুর্ব্বিংশতি তত্ত্বাত্মক অহিংসাদি নির্ম্মলগুণসকলকে পুষ্প, প্রাণবায়ুকে ধুপ, তেজস্বরূপ দীপ, অমৃতরূপ নৈবেদ্য, আকাশরূপ চামর, সূর্য্যরূপ দর্পণ, চন্দ্ররূপ ছত্র এবং অনাহতধ্বনিতরূপ ঘণ্টা নিবেদন করিবে।

বিশেষার্ঘ্য—স্ববামে ত্রিকোণমণ্ডল করতঃ তদুপরি ত্রিপদিকা স্থাপন করিয়া "ফট্" মন্ত্রে শঙ্খাদি অর্ঘ্যপাত্র স্থাপন করিয়া "নমঃ" মন্ত্রে পাত্রে গন্ধপুষ্পদূর্ব্বাক্ষতাদি স্থাপন করিবে। পরে বিলোমমাতৃকা পাঠ করতঃ জল দ্বারা শঙ্খ পূরণ করিবে, যথা—"ক্ষং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঁ অং ঔং ওং ঐং এং ৯ং ৯ং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং অঃ নমঃ।" অতঃপর মূলমন্ত্রে (ঐং) পুনরায় বিভাগ পূরণ করিবে। পরে শঙ্খাদি পাত্রে "ওঁ অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ", জলে "ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ", ত্রিপদিকাতে "ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ" গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া অঙ্কুশমুদ্রায় (পৃঃ ৯) "ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতী। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু" মন্ত্রে সূর্য্যমণ্ডল হইতে তীর্থাদির আবাহন করতঃ জলে দেবীর ধ্যান করিয়া "হুং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা, (পৃঃ ৯) বৌষট্" মন্ত্রে গালিনীমুদ্রা প্রদর্শন করিয়া জলে দেবতার পূজা করতঃ মৎস্যমুদ্রায় (পৃঃ ৯) আচ্ছাদন করিয়া দেবীর মূলমন্ত্র দশবার

জপ করিবে। অতঃপর "বং" মন্ত্রে ধেনুমুদ্রায় (পৃঃ ৯) অমৃতীকরণ করিয়া উক্ত জল প্রোক্ষণীপাত্রে (কোশায়) কিঞ্চিত রক্ষা করিবে এবং নিজেকে ও পূজোপকরণসমূহ অভ্যুক্ষণ করিয়া পীঠপূজা করিবে।

পীঠপূজা—গন্ধপুষ্প দ্বারা "এতে গন্ধপুষ্পে ওঁ মণ্ডলায় নমঃ" মন্ত্রে সর্ব্বতোভদ্রমণ্ডলে বা অষ্টদলপদ্মে পূজা করিয়া উক্ত মণ্ডলে পীঠপূজা করিবে। যথা—ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ মণিবেদীকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ। অগ্ন্যাদিকোণচতুষ্টয়ে—ওঁ ধর্ম্মায় নমঃ। বামস্কন্ধে—ওঁ জ্ঞানায় নমঃ। বামোরুমূলে—ওঁ বৈরাগ্যায় নমঃ। দক্ষিণোরুমূলে—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। মুখে—ওঁ অধর্ম্মায় নমঃ। বামপার্শ্বে—ওঁ অজ্ঞানায় নমঃ। নাভৌ—ওঁ অবৈরাগ্যায় নমঃ। দক্ষিণপার্শ্বে—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। মধ্যে—ওঁ অনন্তায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, ওঁ সং সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ওঁ তং তমসে নমঃ, ওঁ আং আত্মনে নমঃ, ওঁ অং অন্তরাত্মনে নমঃ, ওঁ পং পরমাত্মনে নমঃ, ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। পূর্ব্বাদি অষ্টকেশরে—"ওঁ মেধায়ৈ নমঃ, ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ,

গালিনীমুদ্রা

ওঁ প্রভায়ৈ নমঃ, ওঁ বিদ্যায়ৈ নমঃ, ওঁ শ্রিয়ৈ নমঃ, ওঁ ধৃত্যৈ নমঃ, ওঁ স্মৃত্যৈ নমঃ, ওঁ বুদ্ধ্যৈ নমঃ।" মধ্যে—"ওঁ বিদ্যেশ্বর্য্যৈ নমঃ। তদুপরি—"ওঁ বর্ণকমলাসনায় নমঃ।" অতঃপর বেদীশোধন ও বিতানশোধন করিয়া স্ববেদোক্ত মন্ত্রে ঘট স্থাপন করিবে।

বেদীশোধন—ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্। যুপেন যুপ আপ্যায়তাং প্রণীতোঽগ্নিরগ্নিনা।

বিতানশোধন—ওঁ উর্ধ্ব উ ষু ণ উতয়ে, তিষ্ঠা দেবো না সবিতা। উর্দ্ধো বাজস্য সবিতা যদঞ্জিভির্ব্বাঘদ্ভির্বিহ্বয়ামহে।

ঘটস্থাপন সামবেদি—ভূমিতে হাত দিয়া পাঠ্য—ওঁ মহিত্রীণামবরস্তদ্দ্যুক্ষ্যং মিত্রস্যার্য্যম্ণঃ। নঃ দুরাধর্ষং বরুণস্য। ধান্য—ওঁ ধানবন্তং করম্ভিণমপূপবন্তমুক্থিনং, ইন্দ্র প্রাতর্জ্জুষস্ব নঃ। ঘট—ওঁ আবিশন্ কলশং সুতো বিশ্বা অর্ষন্নভিশ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে॥ জল—ওঁ আ নো মিত্রাবরুণা। ঘৃতৈর্গব্যূতি-মুক্ষতম্। মধ্বারজাংসি সুক্রতু। পল্লব—ওঁ অয়মুর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীবফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্ব চ সূয়তাং রয়িঃ। ফল—ওঁ ইদং নরোনোধিতাহবন্তে, যৎপর্য্যায়ুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শ্রবসশ্চকাম। আগোমতি ব্রজে ভজা ত্বং নঃ। বস্ত্র—ওঁ যুবাসুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীবাসঃ কবয় উন্নয়ন্তি, স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ॥ সিন্দুর—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্ণতে॥ পুষ্প—ওঁ শ্রীরসি ময়ি রমস্ব॥ স্থিরীকরণ—ওঁ ত্বাবতঃ পুরূবসো বয়মিন্দ্র প্রণেতঃ স্মসিস্থাতর্হরীণাম্॥ কৃতাঞ্জলি হইয়া পাঠ্য—"ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবীসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥

যজুর্ব্বেদি॥ ভূমি—ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ দৃগুংহ, পৃথিবীং মা হিগুংসীঃ॥ **ধান্য**—ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞপতিম্। ধিনুহি মাং যজ্ঞন্যম্। **কলশ**—ওঁ আ জিঘ্র কলশং, মহ্যাত্বা বিশন্ত্বিন্দবঃ। পুনরুর্জ্জা নিবর্ত্তস্ব সা নঃ সহস্রং ধুক্ষোরুধারা পয়স্বতী, পুনর্ম্মা বিশতাদ্রয়িঃ॥ জল—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি। বরুণস্য স্কম্ভসর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ॥ **পল্লব**—ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি। ধন্বনা সর্ব্বাঃ প্রদিশো জয়েম॥ **ফল**—ওঁ যাঃ ফলিনার্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বগুংহস*। **সিন্দুর**—ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বা তপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ॥ ঘৃতস্য ধারা অরুষো না বাজী কাষ্ঠাভিন্দন্নূর্ম্মিভিঃ **পুষ্প**—ওঁ শ্রীশ্চতে লক্ষীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণ মুম্মইষাণ সর্বলোকম্মইষাণ॥ **বস্ত্র**—ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ানঃ ভবতি জায়মানঃ॥ তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ॥ **স্থিরীকরণ**—"ওঁ স্থিরো ভব বিড্ভ্ন আশুর্ভব বাজ্যর্ব্বন্ পৃথুর্ভব সুষদমস্ত্বঃ পুরীষবাহনঃ॥" কৃতাঞ্জলি হইয়া পাঠ্য—"ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥" অতঃপর কাণ্ডরোপণ ও সূত্রবেষ্টন মন্ত্র পাঠ করিয়া দেবীর আবাহন করিবে।

কাণ্ডরোপণ মন্ত্র—কাণ্ড অর্থাৎ তীরকাঠি স্পর্শ করিয়া পাঠ্য—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষস্পরি। এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেন শতেন চ॥

সূত্রবেষ্টন মন্ত্র—সূত্র স্পর্শ করিয়া পাঠ্য—"ওঁ সূত্রমাণং পৃথিবীং দ্যামনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিম্। দৈবীং নাবং স্বরিত্রামনাগসমস্রবন্তি মা রুহেমা স্বস্তয়ে॥"

আবাহন—কূর্ম্মমুদ্রা পুষ্প গ্রহণ করিয়া দেবীর ধ্যান করতঃ মূলমন্ত্র (ঐং) উচ্চারণপূর্ব্বক পুষ্পে দেবীর অবস্থানে চিন্তা করিয়া

আবাহনীমুদ্রা

স্থাপনীমুদ্রা

সান্নিধাপনীমুদ্রা

সান্নিরোধনীমুদ্রা

সম্মুখীকরণীমুদ্রা

কূর্ম্মমুদ্রা

পরমীকরণমুদ্রা

পুষ্প ঘটে স্থাপন করিবে। অতঃপর আবাহন্যাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করতঃ দেবতার আহ্বান করিবে, যথা—"ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি সরস্বতীদেবী স্বকীয় পরিবারগণসহিতে। ইহাগচ্ছ ইহাগচ্ছ (আবাহনী মুদ্রা), ইহতিষ্ঠ ইহতিষ্ঠ (স্থাপনীমুদ্রা), ইহসন্নিধেহি (সন্নিধাপনী

মুদ্রা), ইহসন্নিরুধ্যস্ব (সন্নিরোধনী মুদ্রা), অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ (সম্মুখীকরণী মুদ্রা)।" অতঃপর "হুং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা (পৃঃ ৯) প্রদর্শন করিয়া মূলমন্ত্রে দেবীর ষড়ঙ্গন্যাস করতঃ "বং" মন্ত্রে, ধেনুমুদ্রা (পৃঃ ৯) ও পরমীকরণ মুদ্রা প্রদর্শন করিবে। অতঃপর কৃতাঞ্জলি হইয়া পাঠ্য—"ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥" অতঃপর চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবে।

চক্ষুর্দ্দান—কুশের অগ্রভাগ দ্বারা কজ্জল গ্রহণ করিয়া অগ্রে ঊর্দ্ধনেত্রে, পরে বামনেত্রে এবং তৎপরে দক্ষিণনেত্রে চক্ষুর্দ্দান করিবে। মন্ত্র যথা, ঊর্দ্ধনেত্রে—"ওঁ কয়া নশ্চিত্র আভুবদূতী সদাবৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা॥" বামনেত্রে—"ওঁ আ প্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যম্। ভবা বাজস্য সঙ্গথে॥" দক্ষিণনেত্রে—"ওঁ চিত্রং দেবানামুদ্গলনীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ আ প্রা দ্যাবাপৃথিবী অন্তরীক্ষং সূর্য আত্মা জগতস্তস্থুষশ্চ।।"

প্রাণপ্রতিষ্ঠা—কুশ ও পুষ্পাদি গ্রহণ করতঃ প্রতিমার মস্তকে দেবতার মূলমন্ত্র (ঐং) অষ্টোত্তর শতবার জপ করিবে। অতঃপর মূলমন্ত্র পাঠ করিয়া প্রতিমার মস্তক হইতে পাদপীঠ পর্য্যন্ত স্পর্শ করিয়া অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা দেবীপ্রতিমার হৃদয় অথবা কপোল স্পর্শ করিয়া মন্ত্রপাঠ সহকারে প্রাণপ্রতিষ্ঠা করিবে, যথা—"ওঁ আং হ্রীং, ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীশ্রীসরস্বতীদেব্যা প্রাণা ইহ প্রাণাঃ।। ওঁ আং হ্রীং ক্রোং

লেলিহা মুদ্রা

যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীশ্রীসরস্বতীদেব্যাঃ জীব ইহস্থিত॥ ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীশ্রীসরস্বতীদেব্যাঃ সর্ব্বেন্দ্রিয়াণি ইহস্থিতানি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীশ্রীসরস্বতীদেব্যাঃ বাঙ্মনস্ত্বক্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।" অতঃপর লেলিহামুদ্রায় প্রতিমার হৃদয় স্পর্শ করিয়া মন্ত্র পাঠ্য, যথা—"ওঁ মনোজ্যোতির্জুষতামাজ্যস্য, বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু, বিশ্বে দেবাস ইহ মাদয়ন্তমোম প্রতিষ্ঠ॥ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু, অস্যৈ প্রাণা ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা। ওঁ হংসঃ শুচিষদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিসদতিথির্দুরোণসৎ। নৃষদ্বরসদৃত সদ্ব্যোম সদব্জা গোজা ঋতজা ঋতং বৃহৎ॥ ওঁ প্রতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ। অস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বা॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপানি পিংশতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিববন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা॥" অতঃপর গায়ত্রী পাঠ্য॥ অতঃপর গণেশাদি পঞ্চদেবতার পূজা করিয়া প্রধান পূজা আরম্ভ করিবে।

গণেশাদির পূজা—গণেশের ধ্যান, যথা—"ওঁ" খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং, সুন্দরং প্রস্যন্দন্মদগন্ধলুব্ধ মধুপ ব্যালোল গণ্ডস্থলম্। দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং, বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥" এই ধ্যান পাঠ করিয়া "এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ গণেশায় নমঃ, এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ, এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ,

এতন্নৈবেদ্যম্ ওঁ গণেশায় নমঃ, মন্ত্রে পঞ্চোপচারে পূজা করতঃ প্রণাম করিবে, যথা—"ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদর গজাননম্। বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥ অনন্তর সূর্য্যের পূজা করিবে। ধ্যান যথা—"ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং, ভানুং সমস্তজগতামধিপং ভজামি। পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈর্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্" ধ্যান পাঠ করিবে "এষ গন্ধঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ" ইত্যাদি ক্রমে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবে। "ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥" অনন্তর বিষ্ণুর পূজা করিবে। ধ্যান যথা—"ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসন সন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটিহারী হিরন্ময়বপুর্ধৃতশঙ্খচক্র॥" ধ্যান পাঠ করিয়া "এষ গন্ধঃ ওঁ শ্রীবিষ্ণবে নমঃ" ইত্যাদি মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় শ্রীকৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। অনন্তর শিবপূজা করিবে। ধ্যান যথা—"ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং, পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্। পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্।" এই ধ্যান পাঠ করিয়া "এষ গন্ধঃ ওঁ শিবায় নমঃ" ইত্যাদি মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবে। অনন্তর দুর্গাপূজা করিবে, যথা—"ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং, শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং

ত্রিনেত্রাম্। সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসাপুরয়ন্তীং ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ" এই ধ্যান পাঠ করিয়া "এষ গন্ধঃ ওঁ হ্রীং দুর্গায়ৈঃ নমঃ" ইত্যাদি মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবে, যথা—"ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোঽস্তুতে॥" পরে প্রধান পূজা করিবে।

প্রধান পূজা—প্রথমে দেবীর ধ্যান—(পৃঃ ১৭) করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা করতঃ মন্ত্র পাঠ সহকারে যথাযথ উপচারসকল ক্রমানুসারে নিবেদন করিবে, যথা, আসন—প্রথমে রজতাসন গ্রহণ করিয়া "বং এতস্মৈ রজতাসনায় নমঃ" মন্ত্রে আসন শোধন করিয়া "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ শ্রীবিষ্ণবে নমঃ" মন্ত্রে নারায়ণে গন্ধপুষ্প দিয়া "এতৎ সম্প্রদানায় ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ" মন্ত্র পাঠ করত "ওঁ আসনং গৃহ্ণ দেবেশি যৎ কৃতং শোভনং ময়া। সর্ব্বকামফলং দেহি বাগীশ্বরী নমোঽস্তুতে॥ এতৎ রজতাসনং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ" মন্ত্রে দেবীকে নিবেদন করিবে। স্বাগত—"ওঁ ভূর্ভুবস্বর্ভগবতি শ্রীশ্রীসরস্বতীদেবী স্বাগতং সুস্বাগতং কুশলং তে। ওঁ স্বাগতং অনুগৃহীতোঽস্মি সুস্বাগতমিদং শুভম্। প্রপন্না ভব দেবেশি কৃপাং কুরু হরিপ্রিয়ে॥" পাদ্য—পাদ্য গ্রহণ করতঃ উপরোক্ত প্রকারে অর্চ্চনা করতঃ "ওঁ পাদ্যং গৃহাণ দেবেশি সর্ব্বদুঃখাপহারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে বিষ্ণুবল্লভে॥ এতৎ পাদ্যং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" অর্ঘ্য—অর্ঘ্য গ্রহণ করতঃ অর্চ্চনা করিয়া "ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তাং গন্ধপুষ্পং তথা পরম্।

শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণ দেবি সারদে॥" ইদমর্ঘ্যং (বহু—এষোঽর্ঘ্যং) ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" আচমনীয়—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥ ইদমাচমনীয়ং "ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ।" মধুপর্ক— ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈ পরিকল্পিতম্ ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ বাগ্‌বাদিনী॥ এষ মধুপর্ক ওঁ শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" পুনরাচমনীয়—ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্বাপি যস্যা স্মরণমাত্রতঃ। শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কম্॥ ইদং পুনরাচমনীয়ং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" স্নানীয়—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং মনোহরম্। স্নানার্থাস্তে প্রযচ্ছামি বাগীশ্বরী প্রগৃহ্যতাম্। ইদং স্নানীয় জলং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" বস্ত্র—"ওঁ সুশুভ্রং পরমং দেবি সুন্দরং সুমনোহরম্। ময়া নিবেদিতং ভক্ত্যা বস্ত্রং তে প্রতিগৃহ্যতাম্। ইদং বস্ত্রং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥ রজতাভরণ—"ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভা। গাত্রাণি শোভয়িষ্যান্তি অলঙ্কারাস্তু সারদে॥ ইদং রজতাভরণং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" গন্ধ—"ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব নৈব চ। রক্ষ মাং সর্ব্বতো দেবি গন্ধানেতান্ গৃহাণ চ।" এষ গন্ধং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" পুষ্প—"ওঁ পুষ্পং মনোহরং রম্যং সুগন্ধি দেবনির্ম্মিতম্। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং গৃহ্যতাং বিষ্ণুবল্লভে॥ ইদং পুষ্পং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥ ধূপ—"ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্য সুমনোহর। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ ধূপঃ ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" দীপ—"ওঁ অগ্নির্জ্যোতি

রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দেবি দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ দীপঃ ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ।। নৈবেদ্য—"ওঁ নৈবেদ্যং ঘৃতসংযুক্তং নানারসসমন্বিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ সুরপূজিতে। ইদং সোপকরণামান্ননৈবেদ্যং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ।।" ফলমূলাদিনৈবেদ্য—"ওঁ ফলমূলাদি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানাবিধ সুগন্ধীনি গৃহ্ণ দেবি যথাসুখম্। ইদং ফলমূল নৈবেদ্যং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ।। রচনা—"ওঁ নানাফলসমাযুক্তাং নানাবস্তু সমন্বিতাম্। রচনাস্তে প্রযচ্ছামি গৃহাণ পরমেশ্বরি॥ এষ রচনা ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" তাম্বুল—"ওঁ ফলপত্র সমাযুক্তাং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বুলং প্রতিগৃহ্যতাম্।। এতত্তাম্বুলং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ।।" সিন্দুর—"ওঁ সিন্দুরং সুন্দরং দেবি ভস্তুরায়ুর্বিবর্দ্ধনম্। সর্ব্বরত্নাধিকং দিব্যং সিন্দুরং প্রতিগৃহ্যতাম্॥ ইদং সিন্দুরং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥ পুষ্পমালা—"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্প সমন্বিতম্॥ শ্রীযুক্ত লম্বমালঞ্চ গৃহাণ বিষ্ণুবল্লভে। ইদং পুষ্পমাল্যং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" অন্ন—"ওঁ অন্নং চতুর্ব্বিধং দেবি রসৈঃ ষড়্‌ভিঃ সমন্বিতম্। উত্তমং প্রাণদং চৈব গৃহাণ মম ভাবতঃ॥ ইদমন্নং ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥" অন্ন নিবেদন করতঃ ধেনুমুদ্রায় (পৃঃ ৯) অন্নকে অমৃতীকরণ করিয়া পঞ্চগ্রাস মুদ্রা প্রদর্শন করতঃ আচমনীয়ার্থে জল দিয়া মূলমন্ত্র (ঐং) জপ করিবে। পরে পুনরাচমনার্থে জল দিবে। অতঃপর "ওঁ পুস্তকায় নমঃ" মন্ত্রে পুস্তকের, ওঁ মস্যাধারায় নমঃ মন্ত্রে মস্যাধারের

(দোয়াত), "লেখন্যৈ নমঃ" মন্ত্রে লেখনীর (কলম) ও "ওঁ বাদ্যযন্ত্রায় নমঃ" মন্ত্রে বাদ্যযন্ত্রাদির প্রত্যেকের পঞ্চোপচারে পূজা করিবে। অনন্তর যথাশক্তি উপচারে লক্ষ্মীদেবীর পূজা করিবে, ধ্যান—"ওঁ পাশাক্ষমালিকাম্ভোজসৃণিভির্যাম্য সৌম্যয়োঃ। পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতারম্। গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাম্। রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু।।" মন্ত্র—ওঁ শ্রীং লক্ষ্মীদেব্যৈ নমঃ।। অতঃপর "ওঁ হংসায় নমঃ" মন্ত্রে দেবীবাহন হংসের যথাশক্তি পূজা করতঃ ইন্দ্রাদিদশদিক্‌পাল, আদিত্যাদিনবগ্রহ, মৎস্যাদি দশাবতার, গঙ্গা, যমুনা ও বাস্তুপুরুষের পূজা করতঃ কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে, মন্ত্র, যথা—"যথা ন দেবো ভগবান ব্রহ্মা লোকপিতামহঃ। ত্বাং পরিত্যজ্য সংতিষ্ঠেৎ তথা ভব বরপ্রদা। বেদাং পুরাণশাস্ত্রানি নৃত্যগীতাদিকঞ্চ যৎ। ন বিহীনং ত্বয়া দেবি তথা মে সিন্তু সিদ্ধয়॥ ওঁ লক্ষ্মীর্মেধাধরাপুষ্টির্গৌরীতুষ্টিপ্রভাধৃতি। এতাভিঃ পাহি তনুভিরষ্টাভির্মাং সরস্বতী॥" পরে পুষ্পাঞ্জলি প্রদান করতঃ প্রণাম করিবে।

পুষ্পাঞ্জলি মন্ত্র—"ওঁ জয় জয় দেবি চরাচরসারে, কুচযুগশোভিতমুক্তাহারে॥ বীণাপুস্তকরঞ্জিত হস্তে, ভগবতী ভারতীদেবি নমোঽস্তুতে॥ এষ সচন্দন গন্ধপুষ্পাঞ্জলি ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ॥ ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে। বিদ্যারূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তুতে। এষ সচন্দন গন্ধপুষ্পাঞ্জলি ইত্যাদি॥ "ওঁ সা মে ভবতু জিহ্বায়াং বীণাপুস্তকধারিণী। মুরারীবল্লভা দেবী সর্ব্ব শুক্লা সরস্বতী। এষ সচন্দন গন্ধপুষ্পাঞ্জলি ইত্যাদি॥" প্রণাম মন্ত্র—"ওঁ সরস্বত্যৈ নমো নিত্যং ভদ্রকাল্যৈ নমো নমঃ।

বেদবেদাঙ্গ বেদান্ত বিদ্যাস্থানেভ্য এব চ॥" অনন্তর ভোগ নিবেদন করতঃ আরত্রিকাদি করিয়া স্ববেদোক্ত হোম করতঃ স্তবকবচাদি পাঠ করিবে।

সামবেদি হোম—(কুশণ্ডিকা) চতুর্হস্ত পরিমিত চতুষ্কোণ কেশতুষাঙ্গারবর্জ্জিত গোময়াদিলিপ্ত স্থলে বালুকা ব্যাপ্ত করিয়া কুশাসনে পূর্ব্বমুখে উপবেশন করিবে। হোমকার্য্যে মাথায় উষ্ণীষ (পাগড়ি) বন্ধন ও তিলকাদি দ্বারা ললাটে শোভিত করিবে। অনন্তর দক্ষিণজানু পাতিত করিয়া উত্তরদিকে অভ্যুক্ষণার্থ কুশকুসুমসহিত জলপাত্র স্থাপন করিবে। কোশার পশ্চিমে উত্তরাগ্র করিয়া কয়েকগাছি কুশ পাতিয়া বহ্নিস্থাপন পর্য্যন্ত ঐ কুশের প্রাদেশপরিমিত একটি কুশ বামহস্তে লইয়া ঐ হস্ত চিতভাবে রাখিবে। পরে দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠের দ্বারা গৃহীত কুশমূলে রেখাকরণ করিবে। রেখাকরণে অগ্রে পাতিত বালুকার উপরি দ্বাদশাঙ্গুলি প্রমাণ কুশ নৈর্ঋতকোণ হইতে পূর্ব্বমুখ করিয়া পাতিত করিবে। পরে একবিংশতি অঙ্গুলিপ্রমাণ অপর একটি কুশ উত্তরাস্য করিয়া স্থাপন করিবে। পরে সপ্তাঙ্গুলি প্রমাণ আর একটি কুশ দ্বিতীয় রেখার চারি অঙ্গুলি ঊর্দ্ধে, প্রথম কুশের সংলগ্ন করতঃ উত্তরাস্য করিয়া রাখিবে ও উহার উত্তরসীমা হইতে পূর্ব্বমুখ করিয়া একটি প্রাদেশপরিমিত কুশ রাখিবে। পরে পূর্ব্বক্রমে সাত অঙ্গুলি আর একটি কুশ প্রথম সপ্তাঙ্গুল কুশের উত্তরদিকে উত্তরাস্য করিয়া রাখিবে ও ঐ কুশের উত্তর হইতে পূর্ব্বাস্য করিয়া প্রাদেশপরিমিত আর একটি কুশ

রাখিবে। তৎপরে আর একটি সাত অঙ্গুলি কুশ দ্বিতীয় সপ্তাঙ্গুল কুশের উত্তরদিকে উত্তরাস্য করিয়া ও ঐ কুশের উত্তর হইতে পূর্ব্বমুখ করিয়া আর একটি প্রাদেশপরিমিত কুশ রাখিয়া দিবে। এই প্রকারে সজ্জিত করিলে রেখাকরণের কালে সেই সেই কুশের মাত্র মন্ত্রপাঠ সহকারে রেখা টানিলেই কার্য্য সহজ হইবে। কেহ কেহ স্থণ্ডিল নির্ম্মাণপূর্ব্বক কুশ দ্বারা এককালেই রেখা টানিয়া থাকেন। পরে মন্ত্রপাঠ করিয়া স্পর্শীকৃত করেন। রেখাকরণ মন্ত্র, যথা—দ্বাদশাঙ্গুলি পূর্ব্বমুখী রেখা—"ওঁ রেখেয়ং পৃথ্বীদেবতাকা পীতবর্ণা" ॥ ১ ॥ তন্মূল হইতে একবিংশতি অঙ্গুলিপরিমিত উপরমুখী রেখা—"ওঁ রেখেয়ং অগ্নিদেবতাকা লোহিতবর্ণা" ॥ ২ ॥ প্রথম রেখা হইতে সপ্তাঙ্গুলি অন্তরিত প্রাদেশপরিমিত পূর্ব্বাভিমুখী রেখা—"ওঁ রেখেয়ং প্রজাপতিদেবতাকা কৃষ্ণবর্ণা" ॥ ৩ ॥ পুনর্ব্বার অন্য সপ্তাঙ্গুলি অন্তরিত প্রাদেশপরিমিত পূর্ব্বাভিমুখী রেখা—"ওঁ রেখেয়মিন্দ্রদেবতাকা নীলবর্ণা" ॥ ৪ ॥ উহা হইতে সপ্তাঙ্গুলি অন্তরিত প্রাদেশপরিমিত পূর্ব্বাভিমুখী রেখা—"ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা" ॥ ৫ ॥ তৎপরে ঐ পাঁচটি রেখার মূলদেশ হইতে অঙ্গুষ্ঠ ও অনামিকা যোগে কিঞ্চিৎ উৎকর (বালুকা) গ্রহণপূর্ব্বক "প্রজাপতির্ঋষিরগ্নির্দেবতা উৎকর নিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্ত পরাবসুঃ" মন্ত্রে অরত্নিপরিমিত (কনুই হইতে কনিষ্ঠার অগ্রভাগ পর্য্যন্ত) দূরস্থানে ঈশানকোণে ফেলিয়া পূর্ব্বস্থাপিত কোশার জলে রেখা অভ্যুক্ষণ করিবে। পরে নিকট স্থাপিত অগ্নি হইতে অগ্নি গ্রহণ করিয়া মন্ত্রপাঠ করিবে, যথা—"প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দেবতা অগ্নিসংস্কারে বিনিয়োগঃ। ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ॥" মন্ত্রপাঠ করিয়া গৃহীত অগ্নি হইতে কিয়দংশ নৈর্ঋতকোণে

পরিত্যাগ করিয়া অবশিষ্ট অগ্নি মন্ত্রপাঠ সহকারে স্থণ্ডিলের উপর দক্ষিণাবর্ত্তে তৃতীয় রেখার উপর আত্মাভিমুখ করিয়া রাখিবে, যথা—"প্রজাপতির্ঋষিবৃহতীচ্ছন্দো প্রজাপতির্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃস্বরোমঃ॥" তৎপরে পূর্ব্বস্থাপিত বামকর তুলিয়া করযোড়ে মন্ত্রপাঠ করিবে, যথা—"ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্॥ ওঁ সর্ব্বতঃ পাণিপাদান্তঃ সর্ব্বতোঽক্ষি শিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নি প্রণীতিঃ সর্ব্বকর্ম্মসু॥" পরে "ওঁ অগ্নে ত্বং বলদনামাসি" মন্ত্রে অগ্নির নামকরণ করিয়া "ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নি সপ্তার্চ্চি শক্তিধারকঃ॥" ধ্যান পাঠ করিয়া "ওঁ বলদাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ" মন্ত্রে আবাহন করিয়া "এষ গন্ধঃ ওঁ বলদাগ্নয়ে নমঃ, এতৎ পুষ্পম্ ওঁ বলদাগ্নয়ে নমঃ, এষ ধূপঃ ওঁ বলদাগ্নয়ে নমঃ, এষ দীপঃ ওঁ বলদাগ্নয়ে নমঃ, হবির্নৈবেদ্যম্ ওঁ বলদাগ্নয়ে স্বাহা" মন্ত্রে পূজা করিবে। অতঃপর প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ আহুতি দিয়া ব্রহ্মস্থাপন করিবে। যথা—পূর্ব্বস্থাপিত জলপাত্র হইতে জলধারা দিয়া বহ্নির উত্তর হইতে দক্ষিণে অর্থাৎ অগ্নিকোণে স্থণ্ডিল হইতে অরত্নিপরিমিত দূরে জলধারা দিয়া কয়েকগাছি সাগ্রকুশ আস্তৃত করিয়া ব্রহ্মার আসন করিবে। যজমান কর্ত্তৃক বৃত ব্রাহ্মণ যদি ব্রহ্মা হয়েন, তবে আসনের পূর্ব্বপার্শে পশ্চিমাস্যে দাঁড়াইয়া বামকরের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা আস্তৃত আসন হইতে একটি কুশ লইয়া মন্ত্রপাঠ করিবে। যদি উপরোক্ত বৃত ব্রাহ্মণ ব্রহ্মারূপে না হয়েন, তবে তৎপরিবর্ত্তে নারায়ণশিলাকেই ব্রহ্মারূপে কল্পনা করিয়া লইবেন এবং হোতা মন্ত্রপাঠ করিবেন। যথা—"প্রজাপতির্ঋষিরগ্নির্দেবতা

